আলহাজ্ব মোহাম্মদ হারুন-উর-রশীদ
কাউন্সিলর
১৮নং ওয়ার্ড, পূর্ব বাকলিয়া
চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
মোবাইলঃ ০১৮১৯-৩১৬৮৫৮

Alhaj Mohammed Harun-ur- Rashid
Councilor
18 No. Ward, East Bakalia
Chittagong City Corporation
Cell: 01819-316858

স্মারক-চসিক/১৮/পূ/বা/৩/৫৫/২০২৩ইং তাং- ১৪/১২/২০২৩ইং

চট্টগ্রাম সিটি কর্পোরেশন
গৃহীত
তাং ১৫/১২/২৩
৬০১৭টি স্বাক্ষর

বরাবরে,
সচিব
চট্টগ্রাম সিটি কর্পোরেশন,
চট্টগ্রাম।

Tanveer
১৮/১২/২৩

**বিষয়ঃ ওয়ার্ড লেবেল কো-অর্ডিনেশন কমিটির (ডাব্লিউএলসিসি) সভা আয়োজন প্রসঙ্গে।**

সূত্রঃ ৪৬.১১.১৬০০.০০১.১৮.০১৬.২২.৩০৬, তারিখঃ ৩০/১১/২০২৩ খ্রি.

জনাব,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অত্র ১৮নং পূর্ব বাকলিয়া ওয়ার্ডের ওয়ার্ড লেবেল কো-অর্ডিনেশন কমিটির (ডাব্লিউএলসিসি) সভার কার্যাবিবরণী ও উপস্থিতির স্বাক্ষর আপনার দপ্তরে প্রেরণ করা হল।

১৪/১২/২০২৩
আলহাজ্ব মোঃ হারুন-উর-রশীদ
কাউন্সিলর
১৮নং ওয়ার্ড পূর্ব বাকলিয়া
চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

CamScanner





CamScanner

চট্টগ্রাম সিটি কর্পোরেশন
১৮ নং ওয়ার্ড
ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি
সভার উপস্থিতি তালিকা

স্থান: কাউন্সিলর কার্যালয়,
১৮নং পূর্ব বাকলিয়া ওয়ার্ড

তারিখ: ১৪/১২/২০২৩ ইং

**১৮নং পূর্ব বাকলিয়া ওয়ার্ড কো-অর্ডিনেশন কমিটি**

| ক্রমিক | নাম ও পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | আলহাজ্ব হারুন উর রশিদ, ওয়ার্ড কাউন্সিলর | সভাপতি | |
| ০২ | শাহীন আকতার রোজি, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর | সহ-সভাপতি | |
| ০৩ | নাছির উদ্দিন, নিম্ন আয়ের প্রতিনিধি | সদস্য | |
| ০৪ | নুর নাহার, নিম্ন আয়ের প্রতিনিধি | সদস্য | |
| ০৫ | মোহাম্মদ সেকান্দর, সুশীল সমাজ/ এনজিও প্রতিনিধি | সদস্য | |
| ০৬ | সৈয়দ হোসাইন, সুশীল সমাজ/ এনজিও প্রতিনিধি | সদস্য | |
| ০৭ | মোহাম্মদ ইকবাল, সুশীল সমাজ/ এনজিও প্রতিনিধি | সদস্য | |
| ০৮ | মোহাম্মদ শাহজাহান, সুশীল সমাজ/ এনজিও প্রতিনিধি | সদস্য | |
| ০৯ | আবুল কালাম, সুশীল সমাজ/ এনজিও প্রতিনিধি | সদস্য | |
| ১০ | কফিল উদ্দিন, পেশাজীবি সংগঠনের প্রতিনিধি | সদস্য | |
| ১১ | মোহাম্মদ জসিম, পেশাজীবি সংগঠনের প্রতিনিধি | সদস্য | |
| ১২ | বেলাল হোসাইন, যুব ও ক্রীড়া/ সামাজিক সংগঠনের প্রতিনিধি | সদস্য | |
| ১৩ | এনামুল হক মানিক, যুব ও ক্রীড়া/ সামাজিক সংগঠনের প্রতিনিধি | সদস্য | |
| ১৪ | কাজী শাহীন সুলতানা, নারী প্রতিনিধি | সদস্য | কাজী শাহিনা সুলতানা |
| ১৫ | হাজী মোহাম্মদ ইসমাইল, মুক্তিযোদ্ধা প্রতিনিধি | সদস্য | |
| ১৬ | মোহাম্মদ দিদার, গণমাধ্যম প্রতিনিধি | সদস্য | |
| ১৭ | মোয়াজ্জেম হোসেন চৌধুরী, ওয়ার্ড সচিব | সদস্য সচিব | |

14/12/2023

আলহাজ্ব মোঃ হারুন-উর-রশীদ
কাউন্সিলর
১৮নং ওয়ার্ড পূর্ব বাকলিয়া
চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

CS CamScanner

চট্টগ্রাম সিটি কর্পোরেশন
১৮নং পূর্ব বাকলিয়া ওয়ার্ড
ওয়ার্ড লেবেল কো-অর্ডিনেশন কমিটি
**সভার কার্যবিবরণী**

সভার তারিখ ও সময় ঃ ১৪/১২/২০২৩ খ্রি. সকাল ১০.০০ ঘটিকা।
স্থান ঃ কাউন্সিলর কার্যালয়, ১৮নং পূর্ব বাকলিয়া ওয়ার্ড, চট্টগ্রাম সিটি কর্পোরেশন, চট্টগ্রাম।
সভাপতি ঃ আলহাজ্ব মোহাম্মদ হারুন-উর-রশীদ, কাউন্সিলর, ১৮নং পূর্ব বাকলিয়া ওয়ার্ড, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
আলোচ্যসূচি ঃ
১। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বকেয়া কর নিয়ে আলোচনা;
২। বর্জ্য ব্যবস্থাপনা নিয়ে বিস্তারিত আলোচনা, বর্তমান অবস্থা ও ভবিষ্যত পরিকল্পনা;
৩। ভৌত অবকাঠামো নিয়ে আলোচনা;
৪। জেন্ডার বিষয়ক আলোচনা।

সভার শুরুতেই সভাপতি মহোদয় আলোচ্য বিষয়ের উপর সূচনা বক্তব্য রাখেন এবং পরবর্তীতে সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব আলোচ্য সূচী অনুযায়ী সভার কার্য্যক্রম পরিচালনা করেন এবং আলোচ্য বিষয়ের উপর উপস্থিত সকলের বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত প্রস্তাব সমূহ সিদ্ধান্ত আকারে গৃহীত হয়।

**আলোচ্যসূচীঃ ১. চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বকেয়া কর নিয়ে আলোচনা ঃ**

| ক্রঃ নংঃ | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত/ সুপারিশ বাস্তবায়ন কর্মসূচী | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১. | কর আদায় সংক্রান্ত | সূচনা বক্তব্যে জনাব হারুনুর রশীদ তাঁর বক্তব্যে বলেন বাকলিয়া একটি কনজারভেন্সী এলাকা তাছাড়া অনেক এলাকা এখনো অনুন্নত, সুবিধা বঞ্চিত হলেও পৌরকর আদায়ের জন্য এলাকায় প্রচার প্রচারণা করা অত্যন্ত জরুরী। তাছাড়া সভার সদস্যগণ কর আদায় কার্যক্রম সহজ করার জন্য ব্যাংকের মাধ্যমে কর পরিশোধ করার প্রস্তাব করা হয়। | কর আদায়ের জন্য প্রচার প্রচারণার সুপারিশ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>ব্যাংকের মাধ্যমে কর পরিশোধের সুযোগ দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হ। | CPU |

CamScanner

আলোচ্যসূচীঃ ২. বর্জ্য ব্যবস্থাপনা নিয়ে বিস্তারিত আলোচনা, বর্তমান অবস্থা ও ভবিষ্যৎ পরিকল্পনা ঃ

| ক্রঃ নংঃ | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত/ সুপারিশ বাস্তবায়ন কর্মসূচী | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১. | বর্জ্য ব্যবস্থাপনা নিয়ে বিস্তারিত আলোচনা, বর্তমান অবস্থা ও ভবিষ্যৎ পরিকল্পনা | দীর্ঘ সা কিলোমিটার এলাকা নিয়ে ওয়ার্ড বিস্তৃত। অত্র এলাকায় প্রায় ১,৫০,০০০ উপর জনসংখ্যার বসবাস। দুঃখের বিষয় পুরা এলাকায় মিলে ১টি ডাস্টবিন আছে। বর্তমানে বর্জ্য ব্যবস্থাপনা অত্যন্ত নাজুক। এই পরিস্থিতি থেকে উত্তরণের জন্য প্রয়োজন ২০টি ভ্যানগাড়ী ও ৫০টি ডাস্টবিন এবং প্রয়োজনীয় লোকবল সরবরাহ করা প্রয়োজন। | বর্জ্য ব্যবস্থাপনার জন্য ডাস্টবিন, ভ্যানগাড়ী সরবরাহ করার জন্য সুপারিশ করা হয়।<br>বর্জ্য উত্তোলন, পরিচালনার ও পরিবহনের জন্য প্রয়োজনীয় লোকবল সরবরাহ করার জন্য সুপারিশ করা হয়। | CPU |

আলোচ্যসূচীঃ ৩. ভৌত অবকাঠামো নিয়ে আলোচনা ঃ

| ক্রঃ নংঃ | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত/ সুপারিশ বাস্তবায়ন কর্মসূচী | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১. | কাউন্সিলর কার্যালয়ের জরাজীর্ণ ভবন ভেঙ্গে বহুতল বাণিজ্যিক ভবন নির্মাণ | ১৮নং পূর্ব বাকলিয়া ওয়ার্ডের কাউন্সিলর কার্যালয়টি দীর্ঘদিন ধরে জরাজীর্ণ অবস্থায় আছে। ঐ অবস্থায় কার্যালয়ে সকলে উক্ত জরাজীর্ণ ভবনে অফিস পরিচালনা করছেন। এতে এলাকার বহু সাধারাণ জনগণের আসা-যাওয়া হয় প্রতিদিন। ভবনটি জরাজীর্ণ হয়ে যাওয়াতে উক্ত ভবনটি ভেঙ্গে বহুতল বাণিজ্যিক ভবন তৈরী করা অতীব জরুরী। | কাউন্সিলর কার্যালয়ের পুরতান জরাজীর্ণ ভবন ভেঙ্গে তাহা বহুতল বাণিজ্যিক ভবণে রূপান্তরের জন্য সুপারিশ করা হয়। | CPU |

CS CamScanner

আলোচ্যসূচীঃ ৪. জেন্ডার বিষয়ক আলোচনা ঃ

| ক্রঃ নংঃ | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত/ সুপারিশ বাস্তবায়ন কর্মসূচী | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১. | মহিলা বিষয়ক আলোচনা | জেন্ডার বিষয়ক আলোচনায় মহিলা কাউন্সিলর জনাব শাহিন আক্তার রোজী বলেন অত্র এলাকায় মহিলারা পুরুষ কর্তৃক নির্যাতনের হার বেশী। তবে কিছু কিছু ক্ষেত্রে পুরুষ নির্যাতন লক্ষ্য করা যাচ্ছে তাছাড়া মহিলাদের স্বাবলম্বী করে গড়ে তোলার জন্য বিভিন্ন প্রশিক্ষণ কেন্দ্র গড়ে তোলার উপর গুরুত্বারোপ করেন। | মহিলাদের অধিকার বিষয়ক সচেতনতা বৃদ্ধির জন্য পদক্ষেপ নেওয়ার সুপারিশ করা হয়।<br><br>মহিলাদের জন্য প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের জন্য সুপারিশ করা হয়। | CPU |

অতঃপর সভাপতি মহোদয় ওয়ার্ড লেবেল কো-অর্ডিনেশন কমিটির পরবর্তী কার্যক্রম সম্পন্ন করার জন্য সকলের সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

14/12/2023

আলহাজ্ব মোহাম্মদ হারুন-উর-রশীদ
কাউন্সিলর
১৮নং পূর্ব বাকলিয়া ওয়ার্ড
চট্টগ্রাম সিটি কর্পোরেশন

আলহাজ্ব মোঃ হারুন-উর-রশীদ
কাউন্সিলর
১৮নং ওয়ার্ড পূর্ব বাকলিয়া
চট্টগ্রাম সিটি কর্পোরেশন।